

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৫৫

১/ বিবিধ

আরবী

من تزوج امرأة لعزها لم يزده الله إلا ذلا، ومن تزوجها لمالها لم يزده الله إلا فقرا،
ومن تزوجها لحسنها لم يزده الله إلا دناءة، ومن تزوج امرأة لم يتزوجها إلا ليغضن
بصره أولى حصن فرجه ويصل رحمه بارك الله له فيها، وبارك لها فيه

ضعيف جدا

رواه الطبراني في "الأوسط" (رقم 2527) عن عبد السلام بن عبد القدس عن
إبراهيم بن أبي عبلة قال: سمعت أنس بن مالك يقول: فذكره مرفوعاً وقال
لم يروه عن إبراهيم إلا عبد السلام

قلت: وهو ضعيف جداً ضعفه أبو حاتم وقال أبو داود: عبد القدس ليس بشيءٍ وابنه
شر منه، وقال ابن حبان في "الضعفاء" (2/150 - 151)
يروي الموضوعات، وروى عن إبراهيم بن أبي عبلة

قلت: فذكر هذا الحديث، فاقتصر الهيثمي (4/254) على قوله: وهو ضعيف قصور
أو ذهول، وكذلك أشار المنذري في "الترغيب" (3/70) إلى أنه ضعيف

বাংলা

১০৫৫। যে ব্যক্তি কোন নারীকে তার সম্মানের কারণে বিয়ে করবে আল্লাহ তা'আলা শুধু তার অসম্মানবোধই বৃদ্ধি
করবেন। যে ব্যক্তি কোন নারীকে তার সম্পদের কারণে বিয়ে করবে আল্লাহ তা'আলা শুধু তার দরিদ্রতাই বৃদ্ধি
করবেন। যে ব্যক্তি কোন নারীকে তার বংশ মর্যাদার কারণে বিয়ে করবে আল্লাহ তা'আলা শুধু তার অমর্যাদাকে
বৃদ্ধি করবেন। আর যে ব্যক্তি কোন নারীকে বিয়ে করবে নিজ চোখকে নিম্নমুখী করার জন্য বা তার লজ্জাস্থানকে

হেফায়াত করার জন্য বা তার আত্মীয়তার সম্পর্ককে রক্ষা করতে আল্লাহ তা'আলা তার জন্যে সেই নারীর মধ্যে
বরকত দিবেন আর সেই নারীর জন্য তার মধ্যে বরকত দিবেন।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ত্বরানী "আল-মুজামুল আওসাত" গ্রন্থে (নং ২৫২৭) আব্দুস সালাম ইবনু আব্দিল কুদ্দুস হতে, তিনি
ইবরাহীম ইবনু আবী আবলাহ হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

অতঃপর তিনি বলেছেনঃ হাদীসটি ইবরাহীম হতে একমাত্র আব্দুস সালামই বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আব্দুস সালাম খুবই দুর্বল। তাকে আবু হাতিম দুর্বল আখ্যা দিয়েছেন। আবু দাউদ
বলেছেনঃ আব্দুল কুদ্দুস কিছু না আর তার ছেলে তার চেয়েও নিকৃষ্ট। ইবনু হিকান "আয়-যুয়াফা" গ্রন্থে (২/১৫০-
১৫১) বলেনঃ তিনি বানোয়াট হাদীস বর্ণনাকারী। তিনি ইবরাহীম ইবনু আবী উবলাহ হতে বর্ণনা করেছেন।

হায়সামী যে বলেছেনঃ তিনি দুর্বল। তাতে তিনি শিথিলতা করেছেন বা ভুলে তা বলেছেন। মুনয়েরীও "আত-
তারগীর" গ্রন্থে শুধুমাত্র দুর্বল আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71934>

৬ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন